তারিখ — 9 AUG 2017
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক

# ঢাবি শিক্ষক সাহাদাতের বরখাস্তের সিদ্ধান্ত অবৈধ

■ ইত্তেফাক রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সাহাদাত হোসেনকে বরখাস্তের সিদ্ধান্ত অবৈধ ঘোষণা করে তাকে চাকরিতে পুনর্বহালের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। বিচারপতি তারিক-উল হাকিম ও বিচারপতি এম ফারুকের সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ গতকাল মঙ্গলবার এই রায় দেন। আদালতে রিটকারীর পক্ষে ব্যারিস্টার অনীক আর হক ও তাহসিনা তাসনিম মৃদু এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে অ্যাডভোকেট এএফএম মেজবাহ উদ্দিন শুনানি করেন।

গত বছরের জুলাই মাসে মাস্টার্স পরীক্ষার ফল প্রকাশের পর সমাজবিজ্ঞান বিভাগের দুই ছাত্রী অধ্যাপক সাহাদাতের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ আনেন। ওই অভিযোগে গত ৬ মার্চ তাকে বরখাস্ত করে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। ওই বরখাস্তের সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট করেন তিনি। গত ৭ জুন বরখাস্তের সিদ্ধান্ত কেন বেআইনি ঘোষণা করা হবে না মর্মে রুল জারি করে। ওই রুলের চূড়ান্ত শুনানি নিয়ে হাইকোর্ট এ রায় দেয়।

আইনজীবী তাহসিনা তাসনিম মৃদু বলেন, কোনো কারণ দর্শানোর নোটিস ছাড়াই অধ্যাপক সাহাদাতকে বরখাস্ত করা হয়। ফলে তিনি আত্মপক্ষ সমর্থনের সুযোগ পাননি। ফলে বরখাস্তের ওই সিদ্ধান্ত ছিল বিশ্ববিদ্যালয় আইনের পরিপন্থী।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........
তারিখ........
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এম.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর